

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: বিজ্ঞান

অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রূব্রিক্স
অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪	পঞ্চম অধ্যায়: সালোকসংশ্লেষণ	পাঠ ১-২ : উদ্ভিদ কীভাবে খাদ্য প্রস্তুত করে পাঠ ৩-৬: সালোকসংশ্লেষণ পদ্ধতি পাঠ ৭ : জীব জগতে সালোকসংশ্লেষণের তাৎপর্য ও গুরুত্ব	অর্ক ছোট একটা টবে পঁয়াজ লাগিয়ে জানালার পাশে রোদের আলোতে রেখে দিয়েছে। কিছুদিন পর এর সবুজ পাতা গজিয়ে বেশ বড় হয়েছে। সে বেশ পুলকিত হয়ে প্রতিদিন এটি পর্যবেক্ষণ করছে। তার বড় ভাই তাকে জানালো যে, এখানে একটি বিশেষ প্রক্রিয়া ঘটছে যার মাধ্যমে পরিবেশে অক্সিজেন ছড়াচ্ছে। এ বিষয়টি পরীক্ষণের জন্য হাইড্রিলা উদ্ভিদ ব্যবহার করে অক্সিজেন বের হওয়ার ঘটনা দেখা যাবে। ১. এই বিশেষ প্রক্রিয়াটির নাম কী? কেন এটি শুধু সবুজ উদ্ভিদেই ঘটে? ২. সামগ্রিক প্রক্রিয়াটি দেখাও এবং অক্সিজেন বের হওয়ার, পরীক্ষণটি করার জন্য হাইড্রিলা উদ্ভিদ ব্যবহার করার সুবিধা ব্যাখ্যা কর। ৩. এই প্রক্রিয়াটি না ঘটলে প্রাণিকুলের জন্য হুমকিস্বরূপ হবে কিনা- যৌক্তিকতা নিরূপন কর।	১. শিক্ষার্থীরা বিশেষ প্রক্রিয়াটির নাম উল্লেখ করবে এবং যৌক্তিক কারণ উল্লেখপূর্বক ব্যাখ্যা করবে। ২. সামগ্রিক প্রক্রিয়াটি সমীকরণের মাধ্যমে দেখাবে এবং পরীক্ষণে হাইড্রিলা উদ্ভিদ ব্যবহার করা হওয়ার কারণ ব্যাখ্যা করবে। ৩. যৌক্তিকতা উল্লেখপূর্বক মতামত লিখবে।	<b>অতি উত্তম:</b> ১. সঠিক ও ধারাবাহিক উপস্থাপন ২. তথ্য, ধারণা ও সূত্রের সঠিক ব্যবহার ৩. উপস্থাপনায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা  <b>উত্তম:</b> ১. সঠিক ও ধারাবাহিক উপস্থাপন ২. তথ্য, ধারণা ও সূত্রের সঠিক ব্যবহার ৩. উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা  <b>ভালো:</b> ১. সঠিক ও ধারাবাহিক উপস্থাপন ২. তথ্য, ধারণা ও সূত্র আংশিক সঙ্গতিপূর্ণ ৩. সৃজনশীল উপস্থাপন  <b>অগ্রগতি প্রয়োজন:</b> ১. বিষয়বস্তু সঠিকতা ও ধারাবাহিকতার অভাব ২. তথ্য, ধারণা ও সূত্র প্রয়োগ সংগতিপূর্ণ নয় ৩. উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: কর্ম ও জীবনমুখী শিক্ষা

অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩	প্রথম অধ্যায়: কর্মেই আনন্দ	পাঠ ১-২: কায়িক শ্রমের পরিচয় পাঠ ১৩-২৫: কায়িক শ্রম ও এর অনুশীলন পাঠ ২৬: মেধাশ্রম পাঠ ২৭-৩১: মেধাশ্রম ও এর অনুশীলন	তোমার পরিবারের কায়িকশ্রম ও মেধাশ্রমের একটি তালিকা প্রস্তুত কর। এর মধ্যে কোন ধরণের শ্রমকে তুমি অধিক গুরুত্বপূর্ণ বলে মনে করো? কেন?	<ul style="list-style-type: none"> <li>কায়িক শ্রম ও মেধাশ্রমের ধারণা দিবে।</li> <li>তার পরিবারের কায়িকশ্রম ও মেধাশ্রমের কাজগুলো ভাগ করে সাজাবে।</li> <li>তার পরিবারের কোন ধরণের কাজকে সে অধিক গুরুত্বপূর্ণ বলে মনে করে? তা যুক্তিসহ লিখবে।</li> </ul> <p>এ বিষয়ে পাঠ্যপুস্তক ও প্রয়োজনে অভিভাবকদের সহযোগিতা নিবে।</p>	<p><b>অতি উত্তম:</b></p> <ol style="list-style-type: none"> <li>কায়িক ও মেধা শ্রম শনাক্ত করতে পারা</li> <li>কায়িক ও মেধাশ্রমের কাজগুলো যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান</li> <li>নির্ভুল বানান, সঠিক বাক্য গঠন ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান</li> <li>লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা</li> <li>যথা সময়ে অ্যাসাইনমেন্ট জমা প্রদান</li> </ol> <p><b>উত্তম:</b></p> <ol style="list-style-type: none"> <li>কায়িক ও মেধা শ্রম শনাক্ত করতে পারা</li> <li>কায়িক ও মেধাশ্রমের কাজগুলো যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান</li> <li>নির্ভুল বানান, সঠিক বাক্য গঠন ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান</li> <li>লেখায় আংশিক মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা</li> <li>যথা সময়ে অ্যাসাইনমেন্ট জমা প্রদান</li> </ol> <p><b>ভালো:</b></p> <ol style="list-style-type: none"> <li>কায়িক ও মেধা শ্রম শনাক্ত করতে পারা</li> <li>কায়িক ও মেধাশ্রমের কাজগুলো যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান করতে না পারা</li> <li>নির্ভুল বানান, সঠিক বাক্য গঠন ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান</li> <li>লেখায় আংশিক মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা</li> <li>যথা সময়ে অ্যাসাইনমেন্ট জমা প্রদান</li> </ol> <p><b>অগ্রগতি প্রয়োজন:</b></p> <ol style="list-style-type: none"> <li>কায়িক ও মেধা শ্রম শনাক্ত করতে না পারা</li> <li>কায়িক ও মেধাশ্রমের কাজগুলো যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান করতে না পারা</li> <li>নির্ভুল বানান, সঠিক বাক্য গঠন ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান</li> <li>লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অভাব</li> <li>যথা সময়ে অ্যাসাইনমেন্ট জমা প্রদান</li> </ol>